# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৮৯

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪) সাধারণ ভাবে নামাযের প্রতি উদ্বুদ্ধকরণ, রুকু, সেজদা এবং বিনয় নম্রতার ফযীলত

الترغيب في الصلاة مطلقا وفضل الركوع والسجود والخشوع

আরবী

(حسن صحيح ) وَعَنْ أبي فاطمة رَضِيَ اللَّهُ عَنْهُ قال قُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَخْبِرْنِي بِعَمَلٍ أَسْتَقِيمُ عَلَيْهِ وَأَعْمَلُهُ قَالَ عَلَيْكَ بِالسُّجُودِ فَإِنَّكَ لَا تَسْجُدُ لِلَّهِ سَجْدَةً إِلَّا رَفَعَكَ اللَّهُ بِهَا دَرَجَةً وَحَطَّ بِهَا عَنْكَ خَطِيئَةً. رواه ابن ماجه بإسناد جيد ورواه أحمد مختصرا

বাংলা

৩৮৯. (হাসান সহীহ্) আবু ফাতেমা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি বললামঃ ”হে আল্লাহর রাসূল! আপনি আমাকে এমন একটি আমলের সংবাদ দিন যা আমি বাস্তবায়ন করবো এবং তার উপর অবিচল থাকব।

তিনি বললেনঃ ”তুমি বেশী করে সেজদা করবে। কেননা যখনই তুমি আল্লাহর জন্য সেজদা করবে তার বিনিময়ে আল্লাহ তোমার মর্যাদা উন্নীত করবেন এবং তোমার গুনাহ ক্ষমা করে দিবেন।”

(ইবনে মাজাহ্ ১৪২২ হাদীছটি উত্তম সনদে বর্ণনা করেছেন)

হাদীছটি ইমাম আহমাদ সংক্ষিপ্ত ভাবে বর্ণনা করেন। তার বর্ণনায় এরকম বলা হয়েছেঃ

قَالَ لِي نَبِيُّ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : " يَا أَبَا فَاطِمَةَ، إِنْ أَرَدْتَ أَنْ تَلْقَانِي فَأَكْثِرِ السُّجُودَ

তখন আল্লাহর নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাকে বললেনঃ

”হে আবু ফাতেমা! যদি তুমি জান্নাতে আমার সাক্ষাৎ পেতে চাও তবে বেশী করে সেজদা কর।” (আহমাদ ১৫৫২৬)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবু ফাতিমা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88160

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন